

শিক্ষকদের বাধায়
শাবির সিডিকেট
সভা পণ্ড

প্রতিনিধি, সিলেট

আন্দোলনরত শিক্ষকদের বাধায় শাহজাদালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সিডিকেট সভা গতকাল বিকেল সাড়ে ৩টায় পণ্ড হয়ে গেছে। সকাল থেকেই আন্দোলনরত শিক্ষকরা উপাচার্য ভবন অবরুদ্ধ করে রাখে। পরে সাড়ে ৩টায় তা স্থগিত করা হয়। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ইলিয়াস উদ্দিন বিশ্বাস জানান, সভা : পৃষ্ঠা : ২ ক : ৪

সভা : পণ্ড
(১৬ পৃষ্ঠার পর)

আমি সিডিকেট সভায় অংশ নিতে উপাচার্য ভবনের সামনে আসলে আমাকে যুটোফোনের ক্ষুদেবার্তায় সিডিকেট সভা স্থগিতের সিদ্ধান্ত জানিয়ে দেয়া হয়। উপাচার্য অধ্যাপক আমিনুল হক ভূইয়া জানান, বিশেষ কারণে উদ্ভূত পরিস্থিতিতে সিডিকেট সভা স্থগিত করা হলো। এখনও আলোচনায় সমস্যা সমাধানের আশ্বাস জানাই। সভা স্থগিতের বিষয়ে সিডিকেট সদস্য অধ্যাপক কবির হোসেন জানান, উপাচার্য ভবনে জরুরি কাগজ আটকে থাকায় এবং অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে সিডিকেট সভা স্থগিত হয়ে যায়।

আন্দোলনরত শিক্ষকদের আহ্বায়ক অধ্যাপক সৈয়দ সামসুল হক জানান, আন্দোলনের মুখে পূর্বঘোষিত তিনটি বিভাগের বাছাইবোর্ড এবং সিডিকেট সভা স্থগিত হয়েছে। উপাচার্য পদত্যাগ না করে অবৈধভাবে পদ আকড়ে থাকার যে প্রয়াস চাপাচ্ছেন তাতে যাবতীয় ক্ষয়ক্ষতির দায়দায়িত্ব উপাচার্যকেই নিতে হবে।

এদিকে, শিক্ষকদের আন্দোলনকে 'অযৌক্তিক ও শিক্ষার পরিবেশ বিনষ্টকারী' শ্লোগান দিয়ে ক্যাম্পাসে সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে বিক্ষোভ মিছিল করেছে ছাত্রলীগ।